


পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

*(An Enterprise of Bangladesh Power Development Board)*

চতুর্থ বর্ষ | ১৬তম সংখ্যা | জুলাই-সেপ্টেম্বর ২০২১

## ওজোপাডিকো'র নবযোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালকের বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন




*ওজোপাডিকো'র নতুন যোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন*

গত ২৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ওজোপাডিকো'র নতুন যোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন। ঢাকা থেকে নতুন কর্মস্থল ওজোপাডিকো, খুলনা গমনের পথে পাংশা বিদ্যুৎ সরবরাহ, পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ফরিদপুর পরিদর্শন শেষে গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে উপস্থিত হন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক-কে অভ্যর্থনা জানান টুঙ্গীপাড়ার মেয়র শেখ মোজাম্মেল হক টুটুল। বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধাজ্ঞাপনের সময় উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ), ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল), প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস), মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণ।

## ওজোপাডিকো সদর দপ্তরস্থ মুজিব কর্ণারের বই সংগ্রহ ও উদ্বোধন

জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষ্যে ওজোপাডিকো সদর দপ্তরের মুজিব কর্ণারে বেশ কিছু নতুন বই সংগ্রহ করা হয়েছে। এ সকল বই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন, ভাষা আন্দোলনের ইতিহাস ও মুক্তিযুদ্ধের ইতিহাস সম্বলিত। গত ১৫ই আগস্ট, ২০২১ তারিখে ওজোপাডিকো'র প্রধান ফটক সংলগ্ন মুজিব কর্ণার-এর উদ্বোধন করেন ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক রতন কুমার দেবনাথ, এফসিএমএ। উদ্বোধনের পর 'মুজিব কর্ণার'-কে বই সংগ্রহ করাসহ এ সম্পর্কিত অন্যান্য জিনিসপত্র সংগ্রহের মাধ্যমে আরও সমৃদ্ধ করার তাগিদ দেন। এসময়ে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ আবু হাসান, প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস) প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন) মোঃ আলমগীর কবীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন) প্রকৌঃ মোঃ সাইফুজ্জামানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ।



*ওজোপাডিকো সদর দপ্তরস্থ মুজিব কর্ণারের উদ্বোধন শেষে নতুন ক্রয়কৃত বই হাতে ওজোপাডিকো'র কর্মকর্তাগণ*

# জাতীয় শোক দিবস-২০২১ পালন




*জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ওজোপাডিকো'র পক্ষ থেকে শোক র‍্যালিতে ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য কর্মকর্তাগণ*

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে গত ১৫ই আগস্ট, ২০২১ তারিখে ওজোপাডিকো'র পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৫ই আগস্ট, ১৯৭৫ তারিখে শাহাদাৎ বরণকারী অন্যান্য শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এদিনে প্রথম ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক রতন কুমার দেবনাথ-এর নেতৃত্বে প্রথমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। পরবর্তীতে শোক র‍্যালিসহ খুলনা বেতার প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এরপর ওজোপাডিকো সদর দপ্তরের প্রধান ফটকে স্থাপিত মুজিব কর্ণারের নতুন বই সংগ্রহসহ মুজিব কর্ণারের উদ্বোধন করেন ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক। সকাল ১০:৩০ ঘটিকায় ওজোপাডিকো সদর দপ্তরের সভাকক্ষে খুলনাস্থ কর্মকর্তাগণের উপস্থিতিতে অন্যান্য দপ্তরের দপ্তর প্রধানগণ জুম-অ্যাপের মাধ্যমে আলোচনা সভায় অংশগ্রহণ করেন। আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক রতন কুমার দেবনাথ, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রকৌঃ মোঃ আবু হাসান, নির্বাহী পরিচালক (প্রকৌশল)। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস)। আলোচনা সভায় অংশগ্রহণ করেন সকল সার্কেল প্রধান তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, ওজোপাডিকো'র বিভিন্ন চলমান প্রকল্পের প্রকল্প পরিচালকগণ ও উপ-পরিচালকগণ। এছাড়াও উপস্থিত ছিলেন পরিকল্পনা ও উন্নয়ন শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাণিজ্যিক শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও অন্যান্য শাখার উপ-মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপকগণ। আলোচনা সভায় প্রধান অতিথিসহ অন্যান্য বক্তাগণ দেশগঠনে বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে আত্মত্যাগের আহ্বান জানান। এছাড়া ওজোপাডিকোকে একটি আদর্শ প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠার জন্য প্রতিটি কর্মীকে যার যার অবস্থান থেকে যথাযথ ভূমিকা পালনের জন্য আহ্বান জানান। বিশেষ করে বাঙালি জাতির মুখে হাসি ফোটানোর জন্য স্বাধীন বাংলাদেশকে "সোনার বাংলা" গড়ার নিমিত্ত সকলকে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালনের কথা স্মরণ করিয়ে দেন। আলোচনা সভা শেষে সদর দপ্তরের উদ্যোগে ছিন্নমূল মানুষের মাঝে ত্রাণ বিতরণের জন্য খুলনাস্থ বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ২, ৩, ৪ এর নির্বাহী প্রকৌশলীগণের নিকট ত্রাণ সামগ্রী হস্তান্তর করা হয়। এরপর ওজোপাডিকো সদর দপ্তরের মসজিদে বাদ যোহর এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে ১৫ই আগস্টে সকল শহীদগণের আত্মার মাগফিরাত কামনা ও দোয়া করা হয়। এর মধ্য দিয়েই ১৫ই আগস্ট জাতীয় শোক দিবসের কর্মসূচীর সমাপ্তি ঘোষণা করা হয়।

# Annual Performance Agreement (APA) শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত




*ওজোপাডিকো'র কর্মকর্তাগণের জন্য Annual Performance Agreement (APA) শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত*

জুম-অ্যাপের মাধ্যমে গত ১৮ সেপ্টেম্বর, ২০২১ তারিখে সকাল ৯:৩০ হতে সারাদিন ব্যাপী ওজোপাডিকো'র কর্মকর্তাগণের জন্য Annual Performance Agreement (APA) শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের মাননীয় অতিরিক্ত সচিব আবুল খায়ের মোঃ আমিনুর রহমান এবং ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক রতন কুমার দেবনাথ, এফসিএমএ। উক্ত প্রশিক্ষণ কোর্সটি মোট ০৫টি সেশনে অনুষ্ঠিত হয়। সেশনগুলোতে Annual Performance Agreement (APA) এবং National Integrity Strategy (NIS) বাস্তবায়ন, Result Based Management (RBM), কৌশলগত উদ্দেশ্য ও কার্যসম্পাদনের প্রমাণক, APA এর সাথে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, বর্তমান সরকারের নির্বাচনী ইস্তেহার ও SDG এর যোগসূত্র সহ বিভিন্ন বিষয়ে পর্যালোচনা করা হয়। প্রশিক্ষণ কোর্সটিতে ওজোপাডিকো'র বিভিন্ন দপ্তরের ৫২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

# ওজোপাডিকো'র নতুন ব্যবস্থাপনা পরিচালক-এর দায়িত্ব গ্রহণ



ওজোপাডিকো'র নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালককে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ওজোপাডিকো'র চেয়ারম্যান ও ঊর্ধ্বতন কর্মকর্তাগণ

প্রায় ০৫ মাস পর ওজোপাডিকোতে ব্যবস্থাপনা পরিচালকের পদ পূর্ণ হলো। গত ০২ মে, ২০২১ তারিখে পূর্ববর্তী ব্যবস্থাপনা পরিচালকের চাকুরী বয়স পূর্ণ হওয়ায় তিনি অবসর গ্রহণ করেন। এরপর অন্তর্বর্তীকালীন ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ। নতুন ব্যবস্থাপনা পরিচালক হিসাবে গত ২১ সেপ্টেম্বর, ২০২১ তারিখে যোগদান করতঃ দায়িত্ব গ্রহণ করেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাবেক সদস্য (পিএন্ডডি) প্রকৌঃ মোঃ আজহারুল ইসলাম।

**প্রকৌঃ মোঃ আজহারুল ইসলামের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তঃ**

ওজোপাডিকো'র সদ্য যোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ আজহারুল ইসলাম ৩১ জানুয়ারি, ১৯৬১ পাবনা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) হতে ১৯৮২ সালে ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রী অর্জন করেন। পরবর্তী বছর ১৯৮৩ সালের ১৩ এপ্রিল বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এ সহকারী প্রকৌশলী হিসাবে যোগদান করেন। তিনি বিউবো-তে দীর্ঘ ৩৭ বছর চাকুরিকালে শাহাজিবাজার ৩৩০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পের প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী) এবং বিউবো'র বিতরণ অঞ্চল (দক্ষিণ), চট্টগ্রাম এর প্রধান প্রকৌশলীসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি বিউবো'র ৬৩তম সদস্য (পিএন্ডডি) হিসাবে দায়িত্ব পালন শেষে বিউবো হতে অবসর গ্রহণ করেন। সর্বশেষ তিনি. সিপিজিসিবিএল-এর নির্বাহী পরিচালক (পিএন্ডডি) হিসাবে দায়িত্ব পালন করেন।

# 'ইনোভেশন শোকেসিং' প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অর্জন



ইনোভেশন শো কেসিং প্রতিযোগিতায় ওজোপাডিকো'র পক্ষ থেকে পুরস্কার গ্রহণ করেন ওজোপাডিকো'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক রতন কুমার দেবনাথ, এফসিএমএ

বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত "ইনোভেশন শোকেসিং ২০২১" প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সারা দেশের ১৬টি বিদ্যুৎ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৩০টি ইনোভেশন আইডিয়ার মাধ্যমে এই প্রদর্শনী প্রতিযোগিতায় অংশ নেয়। উক্ত প্রতিযোগিতায় ওজোপাডিকো কর্তৃক নতুন উদ্ভাবিত 'Low Cost Substation Automation System (SAS) with SCADA' দ্বিতীয় স্থান লাভ করে। গত ২৯ আগস্ট, ২০২১ তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় উক্ত প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ হাবিবুর রহমান। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মোহাঃ সেলিম উদ্দিন, অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জনাব সেলিম আবেদ, চেয়ারম্যান, ওজোপাডিকো ও অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জনাব মোহাম্মদ হোসাইন,

। বাকী অংশ ৪র্থ পাতায়।

# যাদেরকে হারিয়েছি



বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকো, খুলনা দপ্তরে কর্মরত এসবিএ-সি সুশান্ত কুমার দত্ত কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে গত ১৯/০৭/২০২১ তারিখে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। ওজোপাডিকো তাঁর পরিবারবর্গের প্রতি গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।



বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকো, ফরিদপুর দপ্তরে কর্মরত মিটার পাঠক-বি সেখ আবুল হোসেন (বাচ্চু) গত ৩১/০৭/২০২১ তারিখে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ফরিদপুর ডায়াবেটিক সমিতি, হার্ট ফাউন্ডেশনে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ওজোপাডিকো তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।



বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকো, বরিশাল দপ্তরে কর্মরত লাইনম্যান-সি মোঃ নজরুল ইসলাম খান গত ০৩/০৮/২০২১ তারিখে করোনা আক্রান্ত হয়ে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ওজোপাডিকো তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।



বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকো, যশোর দপ্তরে কর্মরত লাইনম্যান-এ মোঃ সিরাজুল ইসলাম গত ২৬/০৯/২০২১ তারিখে হৃদরোগ জনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ওজোপাডিকো তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।



বিক্রয় ও বিতরণ বিভাগ, ওজোপাডিকো, ঝালকাঠি দপ্তরে কর্মরত লাইনম্যান-এ মোঃ আবু বক্কর শরীফ গত ২৬/১১/২০২১ তারিখে বৈদ্যুতিক মেরামত কাজ করার সময় মারাত্মকভাবে আহত হন এবং বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ওজোপাডিকো তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।




## 'ইনোভেশন শোকেসিং' প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অর্জন *৩য় পাতার পর*

মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ এবং জনাব মোঃ আহসানুর রহমান হাসিব, উপসচিব (প্রশাসন-১), বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। ওজোপাডিকো'র পক্ষে পুরস্কার গ্রহণ করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ দায়িত্ব) রতন কুমার দেবনাথ, এফসিএমএ।

ওজোপাডিকো'র আওতাধীন সকল ৩৩/১১ কেভি উপকেন্দ্রগুলো থেকে প্রয়োজনীয় তথ্যাদি ম্যানুয়ালি রেকর্ড করতে হয়। উপকেন্দ্রগুলোতে সংশ্লিষ্ট প্রকৌশলীকে নিয়মিত সশরীরে গিয়ে তথ্য সংগ্রহ করতে হয়। এ ছাড়া উপকেন্দ্রগুলোর লাইন চালু এবং বন্ধ করতে সংশ্লিষ্ট ব্যক্তিকে হাই ভোল্টেজ লাইনের সামনে দাঁড়িয়ে চালু এবং বন্ধ করতে হয়-যা ঝুঁকিপূর্ণ। এই সকল জটিলতা ও সমস্যার কথা বিবেচনা করে ওজোপাডিকো'র সিস্টেম কন্ট্রোল অ্যান্ড প্রটেকশন শাখার নির্বাহী প্রকৌশলী দেবাশীষ পাল ও উপ-বিভাগীয় প্রকৌশলী কল্যান কুমার দেবনাথ স্বল্প খরচে একটি নতুন প্রক্রিয়া উদ্ভাবন করেন। নতুন উদ্ভাবিত এই ব্যবস্থার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বিদ্যুৎ সরবরাহের সার্বক্ষণিক মনিটরিং, নিয়ন্ত্রণ, তথ্য-উপাত্ত ডিজিটালাইজেশন করা সম্ভব হবে এবং এর মাধ্যমে উপকেন্দ্রগুলোতে দুর্ঘটনার আশঙ্কা কমে যাবে বহুগুণে।

# নতুন ব্যবস্থাপনা পরিচালকের সাথে কর্মকর্তাগণের মতবিনিময়



*নবযোগদানকৃত ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ আজহারুল ইসলাম - এর সাথে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট - এ সকল দপ্তরের নির্বাহী প্রকৌশলী ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের মতবিনিময় সভা ও সংবর্ধনা অনুষ্ঠান*

গত ২৮ সেপ্টেম্বর, ২০২১ তারিখে নবযোগদানকৃত ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ আজহারুল ইসলাম - এর সাথে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট - এ সকল দপ্তরের নির্বাহী প্রকৌশলী ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভা শুরুর প্রাক্কালে উপস্থিত সকল কর্মকর্তা নিজ নিজ পরিচয় প্রদান করেন। মতবিনিময় ও আলোচনা সভার শুরুতেই পরিকল্পনা ও উন্নয়ন শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ওজোপাডিকোর সামগ্রিক চিত্র তুলে ধরে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সহ উপস্থিত সকল কর্মকর্তাগণকে অবহিত করেন। এর মধ্যে এক নজরে ওজোপাডিকো বাণিজ্যিক কর্মকাণ্ড, কোম্পানি চালু হওয়ার পর থেকে সমাপ্ত হওয়া প্রকল্পসমূহ, বর্তমানে চলমান প্রকল্পসমূহ ও ভবিষ্যতে গৃহীত প্রকল্পসমূহসহ প্রকৌশলগত অন্যান্য পাইলট প্রকল্পের নানাবিধ কর্মকাণ্ড উপস্থাপন করেন। পরবর্তীতে ওজোপাডিকোর রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। রাজস্ব সভা পরিচালনা করেন বাণিজ্যিক শাখার ব্যবস্থাপক জনাব মল্লিক আবুল কাশেম। রাজস্ব সভার পর ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত সকল কর্মকর্তাগণের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং ওজোপাডিকো'র ভিশন ও মিশনকে কেন্দ্র করে উন্নত গ্রাহকসেবা প্রদানের জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। পরিশেষে নব-যোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালককে ক্রেস্ট প্রদানের মাধ্যম অভ্যর্থনা জানানো হয়।

# জাতীয় শোক দিবসে ওজোপাডিকো'র পক্ষ থেকে ত্রাণ বিতরণ

কোভিড-১৯ পরিস্থিতিতে লক ডাউনসহ অন্যান্য প্রতিকূল পরিস্থিতিতে ছিন্নমূল মানুষেরা কর্মহীন হয়ে পড়েছে। এক বিরাট অংশের জনসাধারণের দৈনিক আয় শূন্য হয়ে পড়েছে। এরূপ এক পরিস্থিতিতে সরকারের পক্ষ থেকে নানা ধরনের প্রণোদনাসহ ছিন্নমূল জনসাধারণের মধ্যে ত্রাণ বিতরণের বিষয়টি গুরুত্ব পেয়েছে। এরই অংশ হিসাবে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা/কোম্পানী ছিন্নমূল মানুষের মাঝে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ত্রাণ বিতরণের উদ্যোগ গ্রহণ করেছে। সে অনুযায়ী ১৫ই আগস্ট, জাতীয় শোক দিবসে বিদ্যুৎ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠান হিসাবে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো)-এর অধীনস্থ ছয়টি পরিচালন ও সংরক্ষণ সার্কেল এবং সদর দপ্তরের মাধ্যমে প্রায় ১২০০টি পরিবারকে ত্রাণ বিতরণের উদ্যোগ গ্রহণ করে। ত্রাণ সামগ্রী হিসাবে প্রতিটি ব্যাগে চাউল, ডাউল, সয়াবিন তেল, লবণ, আলু ইত্যাদি বিতরণ করা হয়।



*১৫ আগস্ট, ২০২১ জাতীয় শোক দিবস উপলক্ষে ওজোপাডিকো'র পক্ষ থেকে দুস্থ ও আর্থিকভাবে অস্বচ্ছল পরিবারকে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়*

# Low-Cost Substation Automation System with SCADA.





**প্রকৌঃ দেবাশীষ পাল**
নির্বাহী প্রকৌশলী
সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন শাখা
ওজোপাডিকোলিঃ, খুলনা





**প্রকৌঃ কল্যান কুমার দেবনাথ**
উপ-বিভাগীয় প্রকৌশলী
সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন শাখা
ওজোপাডিকোলিঃ, খুলনা


ওজোপাডিকো'র আওতাধীন সকল ৩৩/১১ কেভি উপকেন্দ্রের তথ্যাদি (ভোল্টেজ, কারেন্ট, লোড ও অন্যান্য প্যারামিটার) এবং ফিডারসমূহ চালু/বন্ধ হওয়ার রেকর্ড কর্মরত এসবিএ ম্যানুয়াল লগবইতে লিপিবদ্ধ করেন। এছাড়া ইনডোর ফিডারসমূহ Live Panel-এর সামনে থেকে চালু/বন্ধ করা হয় যাহা কর্মরত এসবিএ এর জন্য ঝুঁকিপূর্ণ। Computerized Data Base না থাকায় ম্যানুয়াল লগবইতে সংরক্ষিত তথ্যসমূহ ভবিষ্যতের পরিকল্পনা ও বিশ্লেষণধর্মী কাজে সহায়ক নয়। ম্যানুয়াল পদ্ধতিতে SAIFI/SAIDI হিসাব করা সময় সাপেক্ষ এবং সেটি নির্ভরযোগ্য নয়। এছাড়াও কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ থেকে উপকেন্দ্রের সার্বিক অবস্থা সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা সম্ভব হয় না। বর্তমানে বিদ্যমান অটোমেশন সিস্টেমের প্রকৌশলগত প্রযুক্তি বিদেশী আমদানী নির্ভর হওয়ায় উহা অত্যন্ত ব্যয়বহুল এবং একই সাথে রক্ষণাবেক্ষণ/পরিবর্ধন কাজের জন্য বিদেশী প্রকৌশলী'র উপর নির্ভরশীল হতে হয়। উপরোক্ত সমস্যার সমাধানকল্পে "Low Cost Substation Automation System (SAS) with SCADA" শিরোনামে ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য প্রাথমিকভাবে জোড়াগেট, খুলনা ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্বাচন করা হয়।




*কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের কম্পিউটার স্ক্রীনে স্বয়ংক্রীয় ও ডিজিটাল বিদ্যুৎ ব্যবস্থার একক রেখাচিত্র*

## গৃহীতপদক্ষেপ সমূহঃ

ক. সার্ভার, রাউটার, Protocol Converter, VPN সংযোগ এবং প্রয়োজনীয় Development Software ক্রয়।
খ. নিজস্বভাবে SAS এর Application Software প্রস্তুতকরণ।
গ. উপকেন্দ্রে বিদ্যমান রিলে, এনার্জি মিটার ও সুইচগিয়ার এর সাথে Application Software এর Integration।
ঘ. কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষসহ অন্যান্য ব্যবহাকারীর সাথে VPN Channel-এর মাধ্যমে উপকেন্দ্রের সার্ভারের Communication স্থাপন।

## সুবিধাদিঃ

- নিজস্ব প্রযুক্তিতে অটোমেশন সিস্টেম তৈরীর ফলে তা স্বল্প খরচে উপকেন্দ্রে স্থাপন করা সম্ভব হয়েছে এবং ভবিষ্যতে অটোমেশন সিস্টেমের পরিবর্তন/পরিবর্ধন ও রক্ষণাবেক্ষণ কাজ নিজস্ব প্রকৌশলী দ্বারা সম্পাদন করা সম্ভব হবে।
- স্বয়ংক্রিয় বিদ্যুৎ বিচ্যুতির (SAIFI & SAIDI) প্রতিবেদন প্রস্তুত করা যাবে।
- উপকেন্দ্র এবং কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ হতে উপকেন্দ্রের সার্বিক অবস্থা নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ করা যাবে।
- ম্যানুয়াল লগ বই এর পরিবর্তে ডিজিটাল ও স্বয়ংক্রিয় পদ্ধতিতে উপকেন্দ্রের তথ্য সংরক্ষিত থাকবে।
- উপকেন্দ্রের প্রতি মুহূর্তের সকল তথ্য কম্পিউটার ডাটাবেজে সংরক্ষিত থাকবে বিধায় ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ এবং ডাটা বিশ্লেষণে সহায়ক হবে।
- উপকেন্দ্রে কর্মরত এসবিএ-এর নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।



# আইবিএস
## (ইরিটেবল বাওয়েল সিনড্রোম)

মোঃ আবুল বাশার*

### আইবিএসঃ

আইবিএস বা ইরিটেবল বাওয়েল সিনড্রোম পেটের একটি পরিচিত ও বিরক্তিকর সমস্যা। আমাদের আশপাশে অনেকেই এই সমস্যায় ভুগে থাকেন। এর কারণে আক্রান্ত ব্যক্তিরা সাধারণত দীর্ঘদিন কষ্ট পান, কোনো সুফল না পেয়ে একজনের পর একজন চিকিৎসক পরিবর্তন করতে থাকেন এই সমস্যা থেকে মুক্তি পাওয়ার আশায়। আসলে রোগটির গতিপ্রকৃতি সম্পর্কে ভালোভাবে জানা থাকলে একে মোকাবিলা করা সহজ হয়। নয়তো অধৈর্য্য হওয়াটা স্বাভাবিক।

### আইবিএস আসলে কি?

এটা আমাদের পরিপাকতন্ত্রের একটি ফাংশনাল বা কার্যগত সমস্যা। এখানে পরিপাকতন্ত্রের কোনো গঠনগত পরিবর্তন বা সমস্যা হয় না। এই সমস্যা সাধারণত যুবক বয়সেই শুরু হয়ে থাকে। নারীরাই বেশি ভুগে থাকেন। যাঁরা সব সময় উদ্বিগ্ন বা মানসিক চাপে থাকেন, তাঁরা এতে বেশি ভোগেন। এখন পর্যন্ত আইবিএসের সঠিক কারণ ভালোভাবে জানা যায়নি। তবে কিছু থিওরি রয়েছে। পরিপাকনালির পেশির অস্বাভাবিক সংকোচন, প্রসারণ, স্নায়ুর সংকেতজনিত সমস্যা, উদ্বেগ ও মানসিক চাপ, পরিপাকতন্ত্রের সহজাত ও উপকারী ব্যাকটেরিয়ার পরিবর্তন ইত্যাদি কারণ শনাক্ত করা হয়েছে এর পেছনে। তবে অনেক খুঁজেও পরিপাকতন্ত্রে কোনো বড় সমস্যা পাওয়া যায় না বলে কারণ অনুসন্ধানে কোনো লাভ নেই।

### কিভাবে বুঝবেন আপনার আইবিএস আছে?

এই রোগের কারণে মূলত দুই ধরনের সমস্যা হয়। একটি হলো পেটে ব্যথা অনুভব করা, অন্যটি হলো মল ত্যাগের অভ্যাসের পরিবর্তন। পেটের ব্যথা সাধারণত মলত্যাগের পর চলে যায় বা কমে যায়। এতে ওজনহ্রাস, জ্বর, রক্তশূন্যতা বা মলের সঙ্গে রক্তপাত ইত্যাদি দেখা যায় না। তবে সমস্যাটি খাদ্যাভ্যাসের সঙ্গে জড়িত। কিছু খাবার খেলে এই সমস্যা বেড়ে যায়। এটা একেকজনের ক্ষেত্রে একেক রকম, কিন্তু দুধ ও দুধজাতীয় খাবার এবং শাকসবজি ও সালাদের মতো খাবারে সাধারণত বেশি বাড়ে। তবে ভালো বিষয় হলো যে এটা মারাত্মক কোনো রোগ নয়। এ থেকে বড় কোনো জটিলতা হওয়ার আশঙ্কা নেই।

### কীভাবে নিশ্চিত হওয়া যায়?

পরিপাকতন্ত্র বিশেষজ্ঞরা আইবিএস নির্ণয় করতে কিছু নির্দিষ্ট লক্ষণ বা রোম ক্রাইটেরিয়া ব্যবহার করে থাকেন। এই রোগ দুই রকম হতে পারে, যেমন আইবিএস ডি, যেখানে পেটে ব্যথার সঙ্গে পাতলা বা নরম পায়খানা হয় এবং আইবিএস সি, যেখানে পেটে ব্যথার সঙ্গে কোষ্ঠকাঠিন্য থাকে। কারও কারও দুটিই থাকতে পারে। রোগের লক্ষণ ও ইতিহাস শুনে রোগ শনাক্ত করা হয়, তবে এর সঙ্গে অনেক সময় কিছু পরীক্ষা-নিরীক্ষা করে নিশ্চিত করতে হয় যে অন্য কোনো পরিপাকজনিত রোগ বা জটিলতা নেই। বেশির ভাগ পরীক্ষারই রিপোর্ট স্বাভাবিক পাওয়া যায়।

### পরিত্রাণের উপায় কি?

দুঃখজনক হলেও এটা সত্যি যে এই সমস্যার পুরোপুরি কোনো সমাধান নেই। তবে একে অনেকটাই নিয়ন্ত্রণ করা যায়। রোগীর লক্ষণ অনুযায়ী খাদ্যাভ্যাসে কিছু পরিবর্তন আনা দরকার। দুধ, দুগ্ধজাত খাবার, শাক ইত্যাদি যেসব খাবারে সমস্যা বাড়ে, সেসব খাবার এড়িয়ে চলা উচিত। রোজকার খাদ্যপঞ্জি মেনে চলার অভ্যাস থাকলে রোগী সহজেই বুঝতে পারবেন কবে কোন খাবারে তাঁর সমস্যা হয়েছিল। এ ছাড়া মানসিক চাপ কমাতে হবে। প্রয়োজন হলে উপসর্গ বুঝে বিশেষজ্ঞ চিকিৎসক কিছু ওষুধ দিতে পারেন। তবে আইবিএসের নিয়ন্ত্রণ অনেকটাই আপনার নিজের হাতে। স্বাস্থ্যকর ও শৃঙ্খলাপূর্ণ জীবন যাপন করলে ভালো থাকবেন।

### আইবিএস নিয়ে ভালো থাকার উপায়ঃ

- ✓ যেসব খাবারে পেটের সমস্যা বাড়ে, সেসব এড়িয়ে চলুন। দুধ, দুগ্ধজাত খাবার, শাক, অতিরিক্ত তেলে ভাজা বা ডিপ ফ্রাই খাবার, অতিরিক্ত মসলাযুক্ত খাবার, বেকারি, কৃত্রিম চিনি, ক্যাফেইন ইত্যাদি এড়িয়ে চলা ভালো।
- ✓ নিয়মিত ব্যায়াম বা হাঁটাহাঁটির চেষ্টা করুন। এতে পেটের গ্যাস বা ফাঁপা ভাব কমবে।
- ✓ একসঙ্গে অনেক না খেয়ে সারা দিনে অল্প অল্প করে ভাগ করে খান। খাবার গ্রহণের সময়সূচী বজায় রাখুন।
- ✓ মানসিক চাপ বা স্ট্রেস কমাতে ব্যায়াম, যোগব্যায়াম, মেডিটেশন করতে পারেন। দরকার হলে বিশেষজ্ঞের পরামর্শ নিন।

(সংগৃহীত)

ডিপ্লোমা চিকিৎসক
ওজোপাডিকো মেডিকেল সেন্টার,
ওজোপাডিকো সদর দপ্তর,
বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা

## ২৪ ঘন্টা গ্রাহক সেবায় ওজোপাডিকো'র কল সেন্টার

### সম্মানিত গ্রাহকবৃন্দ বিদ্যুতের যেকোন অভিযোগ ও তথ্য অনুসন্ধানের জন্য কল করুন




# ১৬১১৭

"অবিরাম বিদ্যুৎ সেবায় নিয়োজিত"

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**

## করোনা সচেতনতায় যা করণীয়ঃ




**হাত ধোয়া**

সাবান, গরম পানি বা স্যানিটাইজার দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধুতে হবে।




**চোখ-মুখ ছোঁয়া যাবে না**

হাত না ধুয়ে চোখ, মুখ বা নাকে হাত দেওয়া যাবে না।





**হাঁচি-কাশিতে সতর্কতা**

হাঁচি বা কাশির সময় টিস্যু ব্যবহার করতে হবে। টিস্যু না থাকলে বাহুর ওপরের অংশ দিয়ে নাক-মুখ আড়াল করতে হবে।




**সংস্পর্শ এড়ানো**

অসুস্থ ব্যক্তির খুব কাছে না যাওয়া এবং একান্ত প্রয়োজন ছাড়া জনসমাগমস্থল এড়িয়ে চলতে হবে।



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-২৪৪-১১১৫৭৪, +৮৮০-২৪৪-১১১৫৭৫, +৮৮০-২৪৪-১১১৫৭৬, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com | web: www.wzpdcl.org.bd